Registered No. WB/SC-247 রেজিস্ট্রী নংঃ ডব্লু.বি/এস.সি-247

সত্যমেব জয়তে

# Kolkata Gazette
# কলকাতা গেজেট

EXTRAORDINARY
বিশেষ

**PART III**
**ভাগ ৩**

**Published by Authority**
**প্রাধিকারবলে প্রকাশিত**

| | | |
|---|---|---|
| **No. 8** | **KOLKATA, FRIDAY, AUGUST 30, 2024** | **[BHADRA 8, 1946 (SAKA)** |
| **নং ৮** | **কলকাতা, শুক্রবার, ৩০ আগষ্ট, ২০২৪** | **[৮ই ভাদ্র, ১৯৪৬ (শক)** |


## বিধি বিভাগ

কলকাতা, ৩০শে আগষ্ট, ২০২৪/৮ই ভাদ্র, ১৯৪৬ (শক)

দি কনটিনজেন্সি ফান্ড অফ ওয়েস্ট বেঙ্গল অ্যাক্ট, ১৯৫০-এর বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাজ্যপালের প্রাধিকারাধীনে প্রকাশিত হইতেছে।

প্রদীপ কুমার পাঁজা

*প্রধান সচিব*
বিধি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার।

# LAW DEPARTMENT

Kolkata, 30th August, 2024/Bhadra 8, 1946 (Saka)

The translation in Bengali of The Contingency Fund of West Bengal Act, 1950 is hereby published under the authority of the Governor of West Bengal.

Pradip Kumar Panja

*Principal Secretary*
Law Department
Government of West Bengal.

## [১]১৯৫০-এর ৪০ নং পশ্চিমবঙ্গ আইন

## পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধি আইন, ১৯৫০

আকস্মিকতা-নিধির স্থাপন এবং উহার পোষণের ব্যবস্থা করণার্থ আইন।

যেহেতু আকস্মিকতা-নিধির স্থাপন করা এবং উহার পোষণের ব্যবস্থা করা সঙ্গত; অতএব, এতদ্দ্বারা ইহা নিম্নরূপে বিধিবদ্ধ হইল:—

সংক্ষিপ্ত নাম।

১। এই আইন পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধি আইন, ১৯৫০ নামে অভিহিত হইবে।

পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধির স্থাপন।

২। পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধি নামে অগ্রদত্ত প্রকৃতির একটি আকস্মিকতা-নিধি স্থাপিত হইবে যাহাতে পশ্চিমবঙ্গ সঞ্চিত-নিধি হইতে [২][দুইশত কোটি টাকার অর্থাঙ্ক] প্রদান করা হইবে।

আকস্মিকতা-নিধির অভিরক্ষা এবং উহা হইতে প্রত্যাহার।

৩। পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধি পশ্চিমবঙ্গের রাজ্যপালের পক্ষে পশ্চিমবঙ্গের বিত্ত বিভাগের একজন সচিবের দ্বারা পরিচালিত হইবে এবং কোন অদৃষ্টপূর্ব ব্যয় নির্বাহের উদ্দেশ্যে ব্যতীত এবং বিধি দ্বারা কৃত উপযোজনমতে পশ্চিমবঙ্গ বিধানসভার দ্বারা ঐরূপ ব্যয় প্রাধিকৃত না হওয়া পর্যন্ত ঐরূপ নিধি হইতে অন্য কোনও খাতে অগ্রিম বাবদ ব্যয় করা যাইবে না।

নিয়মাবলী প্রণয়ন করিবার ক্ষমতা।

৪। এই আইনের উদ্দেশ্যসমূহ কার্যে পরিণত করিবার জন্য রাজ্য সরকার, পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধির সহিত সংশ্লিষ্ট, অথবা উহার অভিরক্ষা সংক্রান্ত সহায়ক, উহাতে অর্থ পরিশোধ ও উহা হইতে অর্থ প্রত্যাহার সম্পর্কিত, সকল বিষয় প্রনিয়ন্ত্রণকারী নিয়মাবলী[৩] প্রণয়ন করিতে পারিবেন।

---

[১] উদ্দেশ্য ও হেতুর বিবৃতির জন্য ১২ই সেপ্টেম্বর, ১৯৫০ তারিখের বিশেষ কলিকাতা গেজেটের ভাগ ৪-এর ১১৫৭ পৃষ্ঠা দ্রষ্টব্য এবং পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যবাহের জন্য পশ্চিমবঙ্গ বিধানসভার ৬ই অক্টোবর, ১৯৫০-এর অধিবেশনের কার্যবাহ দ্রষ্টব্য।

[২] পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধি (সংশোধন) আইন, ১৯৫৩ (১৯৫৩-র ২৬ নং পশ্চিমবঙ্গ আইন)-এর ২ ধারা দ্বারা "পঞ্চাশ লক্ষ টাকার অর্থাঙ্ক", এই শব্দসমূহের স্থলে মূলতঃ "এক কোটি টাকার অর্থাঙ্ক", এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইয়াছিল। তৎপরে পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধি (সংশোধন) আইন, ১৯৫৭ (১৯৫৭-র ২ নং পশ্চিমবঙ্গ আইন)-এর ২ ধারা দ্বারা "এক কোটি টাকার অর্থাঙ্ক", এই শব্দসমূহের স্থলে, "পাঁচ কোটি টাকার অর্থাঙ্ক", এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইয়াছিল। তৎপরে পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধি (সংশোধন) আইন, ১৯৮১ (১৯৮১-র ২৮ নং পশ্চিমবঙ্গ আইন)-এর ২ ধারা দ্বারা "পাঁচ কোটি টাকার অর্থাঙ্ক", এই শব্দসমূহের স্থলে, "কুড়ি কোটি টাকার অর্থাঙ্ক", এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইয়াছিল। তৎপরে পশ্চিমবঙ্গ আকস্মিকতা-নিধি (সংশোধন) আইন, ২০২২ (২০২২-এর ৫ নং পশ্চিমবঙ্গ আইন) দ্বারা "কুড়ি কোটি টাকার অর্থাঙ্ক", এই শব্দসমূহের স্থলে, "দুইশত কোটি টাকার অর্থাঙ্ক", এই শব্দসমূহ প্রতিস্থাপিত হয়।

[৩] এই ধারা দ্বারা অর্পিত ক্ষমতার প্রয়োগে প্রণীত নিয়মাবলীর জন্য, বিত্ত (আয়ব্যয়ক) বিভাগের ৭ই অক্টোবর, ১৯৫৫ তারিখের, ১৮৭০৩ এফ.বি. নং প্রজ্ঞাপন দ্রষ্টব্য যাহা ২০ই অক্টোবর, ১৯৫৫ তারিখের কলিকাতা গেজেটের ভাগ ১-এর ৪২৪৩-৪২৪৪ পৃষ্ঠায় প্রকাশিত হয়।

পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে বিধি বিভাগ কর্তৃক প্রকাশিত এবং সরস্বতী প্রেস লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ), কলকাতা-৭০০০৫৬-এ মুদ্রিত।

SPL-2024-20-LAW/994-L(3)